পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক, নওগাঁ

এবং

বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০১৮ – ৩০ জুন, ২০১৯

সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: কার্যাবলি

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জেলা প্রশাসক, নওগাঁ

এবং

বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

এর মধ্যে ২০১৮ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

25/6/18	25/6/2018
(মোঃ মিজানুর রহমান)	(মোঃ নূর-উর-রহমান)
জেলা প্রশাসক	বিভাগীয় কমিশনার
নওগাঁ	রাজশাহী বিভাগ
	রাজশাহী

নওগাঁ জেলা প্রশাসনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Deputy Commissioner)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

১.১ সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩ বছর) প্রধান অর্জনসমূহ

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে দেশ ও জাতির কল্যানার্থে ভিশন-২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের উদ্যোগ সফল করার লক্ষ্যে ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রে (UDC) ই-সেবার মাধ্যমে বিভিন্ন সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া হচ্ছে। জেলা ও উপজেলা পর্যায়ে গণশুনানীর মাধ্যমে জনসাধারণের উত্থাপিত অভিযোগ নিস্পত্তি করা হচ্ছে। সরকার One Stop Service প্রদানে অঙ্গীকারবদ্ধ। এ লক্ষ্যকে সামনে রেখে জেলা এবং উপজেলা পর্যায়ে হেল্প ডেক্স স্থাপন, ই-সার্ভিস ও ই-নথি এর মাধ্যমে সেবা কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। জনসাধারণকে ভূমি উন্নয়ন কর পরিশোধে উদ্বুদ্ধকরণে ভূমি সপ্তাহ উদযাপন করা হচ্ছে। ২০১৬ সনে ১,৬৫২টি এবং ২০১৭ সনে ১,৩৬০টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। ২০১৬-১৭ সনে ৫২৯টি পরিবারের মধ্যে ৩৩.৮৮৫ একর কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে। জেলা প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষ করে গড়ে তোলার লক্ষে ট্রেনিং ও ডকুমেন্টেশন ইউনিট গঠন করা হয়েছে। এর মাধ্যমে প্রত্যেক শাখায় সপ্তাহে একদিন অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও সপ্তাহে একদিন কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রত্যন্ত অঞ্চলের জনসাধারণের দূর্ভোগ লাঘবে ও দ্রুত সেবা প্রদানের লক্ষে ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর মাধ্যমে অনলাইনে পর্চা সরবরাহ করা হচ্ছে। কর্মকর্তা/কর্মচারীদের সময়মত অফিসে আগমন নিশ্চিত করার জন্য ডিজিটাল এ্যাটেনডেন্স সিস্টেম চালু করা হয়েছে। আইসিটি শিক্ষা প্রসারে ও দক্ষ মানব সম্পদ গড়ার লক্ষে আইসিটি শিক্ষক ফোরাম ও আইসিটি ডেভেলপমেন্ট ফোরাম গঠন করা হয়েছে। মাদকমুক্ত নওগাঁ গড়ার পদক্ষেপ হিসেবে জেলার মাদকের স্পটগুলোর ম্যাপিং সম্পন্ন করে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। সর্বোপরি মানসম্পত সেবা প্রদানের মাধ্যমে জনবান্ধব প্রশাসন গঠনে নানামূখী কর্মকান্ড পরিচালনা করা হচ্ছে।

১.২ সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

জেলার ১১টি উপজেলায় মোট ৯৯টি ইউনিয়ন পরিষদ রয়েছে। সকল ইউনিয়নে ব্রডব্যান্ড এডিএসএল ইন্টারনেট সংযোগ নেই। ইন্টারনেটের গতি কম হওয়ায় ই-নথির কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে। নওগাঁ একটি ঐতিহ্যবাহী জেলা হওয়া সত্বেও বিপুল সংখ্যক জনগোষ্ঠী শিক্ষা ও অর্থনৈতিকভাবে পিছিয়ে রয়েছে। তাদেরকে অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করা ও মানসম্মত শিক্ষা নিশ্চিত করা একটি চ্যালেঞ্জ। এ জেলার উপর দিয়ে প্রবাহমান আত্রাই, ছোট যমুনা, পুনর্ভবা নদীর বেশ কিছু জায়গায় বেড়িবাঁধ দুর্বল অবস্থায় রয়েছে। ফলে জেলার একটি বিস্তীর্ণ অঞ্চল বন্যার ঝুঁকিতে রয়েছে। বাঁধগুলো মেরামতের জন্য অর্থ বরাদ্দ কম। জেলায় সাঁওতাল, মুন্ডা, পাহান, উড়াও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভূক্ত সম্প্রদায়ের বসবাস রয়েছে। তাদের মধ্যে বাল্য বিবাহের হার বেশী। তারা অর্থনৈতিক ও সামাজিকভাবে অনগ্রসর। তাদের মধ্যে বাল্য বিবাহের হার কমানো ও আর্থ-সামাজিক উন্নয়ন একটি চ্যালেঞ্জ। জেলায় মাদকের প্রকোপ অত্যধিক বেশী। মাদকমুক্ত জেলা গড়ার চ্যালেঞ্জ হিসেবে মাদক বিরোধী অভিযান বেগবান ও সচেতনতা সৃষ্টির উপর গুরুত্ব আরোপ করা হচ্ছে।

১.৩ ভবিষ্যৎ পরিকল্পনা

- ইউডিসির মাধ্যমে অনলাইনে পর্চা প্রদান।
- রেকর্ড রুমের শতভাগ খতিয়ান ডিজিটালাইজেশন করা।
- মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য বিদ্যালয়গুলোকে ডিজিটাল ম্যানেজমেন্ট সিস্টেমের আওতায় আনা।
- জেলার মাদক বিরোধী কার্যক্রম অধিক হারে পরিচালনা ও সচেতনতা সৃষ্টি করা।
- প্রবাসী পোর্টাল তৈরী করা।
- মানবসম্পদ উন্নয়নে অফিসের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর দক্ষতা বৃদ্ধির জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন।
- ওয়েব পোর্টাল শতভাগ আপডেট করা।
- জেলার ইতিহাস ঐতিহ্য বিষয়ে একটি ডকুমেন্টশন তৈরী করা।
- জেলার ইনোভেশন কার্যক্রম বেগবান করা।
- জেলার সকল ভূমি অফিসকে জনবান্ধব ভূমি অফিসে পরিণত করা।

১.৪ ২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- জেলা ও উপজেলা পর্যায়ে ১৫০ জন কর্মকর্তা/কর্মচারীকে ই-নথি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ৮০০টি মোবাইল কোর্ট পরিচালনা করা হবে।
- ৯০টি ইউডিসি'র মাধ্যমে অনলাইনে পর্চা সরবরাহ করা হবে।
- সায়রাত মহলগুলি ম্যাপিং সম্পন্ন হবে।
- আইসিটি শিক্ষক ফোরাম ও আইসিটি ডেভেলপমেন্ট ফোরাম এর কার্যক্রম গতিশীল করা হবে।
- জেলা/উপজেলা প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীকে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হবে।
- কর্মচারীদের PDS (Personel Data Sheet) তৈরী সম্পন্ন করা হবে।
- কাজে গতিশীলতা আনয়ন ও কাজের স্বীকৃতি প্রদানের জন্য মাস সেরা কর্মকর্তা ও কর্মচারী নির্বাচন করা ও তাদের পুরস্কৃত করা হবে।

সেকশন ১:

জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision) :

দক্ষ, প্রযুক্তিনির্ভর ও জনবান্ধব জেলা প্রশাসন।

১.২ অভিলক্ষ্য (Mission):

প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহার এবং উদ্ভাবন চর্চার মাধ্যমে সময়াবদ্ধ ও মানসম্মত সেবা নিশ্চিত করা।

১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১. জেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি সকল উন্নয়নমূলক কার্যক্রমসমূহের কার্যকর সমন্বয়সাধন;
২. দুর্যোগ ব্যবস্থাপনা, বনায়ন, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ;
৩. রাজস্ব প্রশাসন ও ভূমি ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন;
৪. জনশৃঙ্খলা ও জননিরাপত্তা সংহতকরণ;
৫. শিক্ষার গুণগত মানোন্নয়ন ;
৬. মানবসম্পদ উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Mandatory Strategic Objectives)

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ।
২. কার্য পদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন।
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ কার্যাবলি (Functions):

১. জেলার আন্ত:বিভাগীয় কর্মকাণ্ডের সমন্বয় এবং প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহসহ জেলার প্রধান উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে সমন্বয়কারীর দায়িত্ব পালন;
২. সরকার কর্তৃক কৃষি, স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, নারী ও শিশু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কল্যাণ, প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা বিষয়ক গৃহীত সকল নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্বয়সাধন;
৩. দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ, জিআর, টিআর, কাবিখা, কাবিটা, ভিজিডি, ভিজিএফ, অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;
৪. ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণসহ পরিবেশ দূষণের ফলে সৃষ্ট জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টি, বনায়ন, বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সার্বিক সহায়তা করা এবং সার্বিক সমন্বয় সাধন ও পরিবীক্ষণ;
৫. সামাজিক নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি, একটি বাড়ী একটি খামারসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান ও কার্যকর সমন্বয় সাধন;
৬. জেলার রাজস্ব প্রশাসনের সার্বিক নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ;
৭. জেলা ম্যাজিস্ট্রেসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত যাবতীয় ক্ষমতা প্রয়োগ, মোবাইল কোর্ট পরিচালনা, জেলার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষাপূর্বক জনজীবনে স্বস্তি আনয়ন এবং ভিভিআইপিদের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলি;
৮. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনায় আওতায় অভিযোগ নিষ্পিত্তি;
৯. বিভিন্ন সামাজিক সমস্যা যেমন যৌন হয়রানি, নারী নির্যাতন, মাদক সেবন, চোরাচালান, যৌতুক, বাল্যবিবাহ ইত্যাদি প্রতিরোধ/নিরসনে কার্যক্রম গ্রহণ;
১০. স্থানীয় সরকার সংক্রান্ত কার্যক্রম;
১১. প্রবাসীদের ডাটাবেস প্রস্তুত, বিদেশগামী ব্যক্তিদের প্রতারণা ও হয়রানি প্রতিরোধ এবং মানব পাচার রোধসহ প্রবাসী কল্যাণে যাবতীয় কার্যক্রম গ্রহণ;
১২. এনজিওদের কার্যক্রম তদারকি ও সমন্বয়, এনজিও কার্যক্রমের ওভারল্যাপিং প্রতিরোধে কর্মক্ষেত্র নির্ধারণে মতামত প্রদান এবং এনজিওদের অনুকূলে ছাড়কৃত অর্থের পরিবীক্ষণ ও ক্ষুদ্রঋণসহ অন্যান্য কার্যক্রম পরিদর্শন/দর্শন;
১৩. জাতীয় ই-গর্ভনেন্স কার্যক্রম বাস্তবায়ন; সেবা পদ্ধিত সহজীকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান, জেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণ, সোস্যাল মিডিয়া ব্যবহার, এবং বিভিন্ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও তদারকি।